



গতকাল ছাত্র ধর্মঘট চলাকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল  
-ভোরের কাগজ

## ছাত্রলীগের সংবাদ সম্মেলন

# কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪ হাজার ছাত্রছাত্রীর মামলা প্রত্যাহার দাবি, নইলে আন্দোলন

কাগজ প্রতিবেদক : ছাত্রলীগ নেতৃবৃন্দ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪ হাজার ছাত্রছাত্রীর নামে দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহার এবং তাদের প্রতি পুলিশি হয়রানি নির্যাতন বন্ধ করার জন্য সরকারের প্রতি দাবি জানিয়েছে। বর্তমান সরকার দাবি পূরণে ব্যর্থ হলে ছাত্রলীগ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শাখা এদেশের ছাত্র সমাজকে নিয়ে দুর্বীর আন্দোলন করতে বাধ্য হবে।

গতকাল বৃহস্পতিবার বিকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতৃবৃন্দ সরকারের প্রতি এ দাবি জানান। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ শাখার সভাপতি বিশ্বনাথ সরকার বিটু সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। সম্মেলনে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন কেন্দ্রীয় ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারি, সহসভাপতি বলরাম পোদার, আব্দুল মতিন, সাংগঠনিক সম্পাদক আশরাফুল আজীম রুবন, আঞ্চলিক বিষয়ক সম্পাদক নজরুল ইসলাম বাবু, সদস্য বিপুল সরকার, কৃষি বিশ্ববিদ্যালয় শাখার সাংস্কৃতিক সম্পাদক হাবিবুর রহমান মোস্তা, সাইফুল্লাহ বিশ্বাস, শরীফুল ইসলাম, জাহিদ হাসান ও সুমন পাশ প্রমুখ।

সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, চারদলীয় জোট সরকার ক্ষমতায় আসার পর জামাতকে সঙ্গে নিয়ে দেশের বিভিন্ন স্থানে মুক্তিযুদ্ধের চিহ্ন মুছে ফেলার ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। তারই ধারাবাহিকতায় দেশের ইতিহাস-ঐতিহ্যের সঙ্গে জড়িত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম ওরা পরিবর্তন করতে চায়। ওরা 'বাংলাদেশের' নাম মুছে ফেলতে চায়। বাংলাদেশ শব্দকে ভয় পায়। এজন্য জামাতের প্রেতাত্মা বর্তমান শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক জামাতের নীলনকশা বাস্তবায়নের জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন করে কৃষি বিশ্ববিদ্যালয় করতে চাইছে।

শিক্ষামন্ত্রী মন্ত্রিসভায় নাম পরিবর্তন করার প্রস্তাব দিলে তা নীতিগতভাবে অনুমোদন হয়। কিন্তু বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার ছাত্রছাত্রী, শিক্ষক-কর্মকর্তা, কর্মচারীদের প্রতিবাদে সরকার নাম পরিবর্তনের সিদ্ধান্ত বাতিল করতে বাধ্য হয়। ছাত্রছাত্রী, শিক্ষক-কর্মকর্তা, কর্মচারীবৃন্দ আন্দোলন করতে পুলিশের লাঠিপেটা ও বুলেটের আঘাতে দুজন শিক্ষকসহ ৩৫ জন ছাত্রছাত্রী আহত হয়। ক্যাম্পাসের ৪ হাজার ছাত্রছাত্রীর নামে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করা হয়। এতে অনেক ছাত্রছাত্রী ক্যাম্পাসে আসতে পারছে না। ফলে তাদের শিক্ষা জীবন বিপন্ন হতে চলছে।

নেতৃবৃন্দ অবিলম্বে ছাত্রছাত্রীদের নামে মিথ্যা মামলা প্রত্যাহার করে নেওয়ার জন্য সরকারের প্রতি দাবি জানান। অন্যথায় দুর্বীর আন্দোলন গড়ে তোলা হবে বলে জানান।